# বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া
# Bangabandhu society of Australia

Regd. No. Y 2650818, ABN 24 508 194 656, Charity reg. No. CFN 17511

২৬শে ফেব্রুয়ারী ২০০৮

## প্রসঙ্গ : বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া

সম্প্রতি বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া (Bangabandhu Society of Australlia), সভাপতি: ডা.নুরুর রহমান খোকন ও সাধারন সম্পাদক: ড. রোনাল্ড পাত্র) এবং বঙ্গবন্ধু পরিষদ সিডনি (সভাপতি: ড. রফিকুল ইসলাম ও সাধারন সম্পাদক: গাউসুল আলম শাহজাদা) এই দুই সংগঠনের একত্রিকরনের লক্ষে গঠিত আহ্বায়ক কমিটি একটি নতুন কমিটি ঘোষনা করলে বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া (Bangabandhu Society of Australlia) কার্যকরী পরিষদের অধিকাংশ সদস্য তীব্র অসন্তোষ প্রকাশ করে। তারা মনে করে যে কমিটি গঠনের প্রক্রিয়ায় কোন সাংবিধানিক ও নিয়মতান্ত্রিক পদ্ধতি বা ন্যায় নীতি অনুসরন করা হয়নি। অনুষ্ঠিত এই গুরুত্বপূর্ণ সভার বিজ্ঞপ্তি গঠন প্রক্রিয়া, সময় ও স্থান এবং এজেন্ডা সদস্যদের যথারীতি অবহিত করা হয়নি। যে মূল ইস্যুকে কেন্দ্র করে কতিপয় সদস্য ইতিপূর্বে বঙ্গবন্ধু পরিষদ সিডনি নামে একটি সংগঠন গঠন করে নতুন কমিটি গঠন প্রক্রিয়ায় সে ইস্যুকে কোন প্রকার বিবেচনায় আনা হয়নি।

প্রস্তাবিত কমিটি সম্পর্কে বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার সদস্যবৃন্দ বিরূপ প্রতিক্রিয়া ব্যক্ত করলে গত ১৫/০২/০৮ তারিখে জনাব আব্দুল জলিল একটি আলোচনা সভার প্রস্তাব করেন। আমরা ওনার প্রস্তাবকে স্বাগত জানাই এবং গত ২৩/০২/০৮ তারিখে জনাব জলিলের পরামর্শ মোতাবেক একটি আলোচনা সভার আয়োজন করি। উক্ত সভায় উপস্থিত সকল সদস্য কঠোরভাবে প্রস্তাবিত কমিটির বিরোধিতা করে এবং অত্র সংগঠনের সাথে প্রস্তাবিত কমিটির কোন সম্পর্ক নেই বলে ঘোষনা প্রদান করে।

এমতাবস্থায় সদস্যদের মতামতের প্রতি শ্রদ্ধা জানিয়ে আমরা মনে করি প্রস্তাবিত কমিটি গ্রহনযোগ্য নয়। ভবিষ্যতে আমরা সঠিক পদ্ধতিতে একত্রিকরনের প্রচেষ্টা অব্যাহত রাখব।

জয় বাংলা! জয় বঙ্গবন্ধু!

**(রোনাল্ড পাত্র)**
সাধারন সম্পাদক
বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া
(Bangabandhu Society of Australia)